

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা  
শাখা-০৬ (ভোকেশনাল-০১)  
ওয়েব সাইট : www.techedu.gov.bd  
ই-মেইল : techedu09@gmail.com

স্মারক নং-৩৭.০৩.০০০০.০৪০.১৯.৩২৬.১৬.

তারিখ : /৫/২০১৭ খ্রিঃ

বিষয় : কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক আয়োজিত অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধানদের সমন্বয় সভার প্রস্তুতি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানান যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তর/বাহিন ভোকেশনাল টিচর্চাস ট্রেনিং ইন্সটিটিউটের অধ্যক্ষ এবং টেকনিক্যাল স্কুল ও কলেজের অধ্যক্ষগণদের সমন্বয়ে আগামী ১৬/০৫/২০১৭ খ্রিঃ তারিখে কারিগরি শিক্ষা অধিদপ্তরের সম্মেলন কক্ষে এক সমন্বয় সভার আয়োজন করা হবে। এ সভায় কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক মহোদয় সভাপতিত্ব করবেন বলে সম্মতি জ্ঞাপন করেছেন।

সমন্বয় সভার আলোচ্য বিষয়সমূহ নিম্নরূপঃ-

- ১। ২০১৬-২০১৭ অর্থ বৎসরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন প্রতিবেদন ;
- ২। জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন ;
- ৩। প্রতিষ্ঠানে "জব রিপ্রেসেন্টেশন" সেল এবং ইন্ডাস্ট্রি-ইনস্টিটিউট লিংকেজ বিষয়ে প্রতিষ্ঠান পর্যায়ে গৃহীত কার্যক্রমের অগ্রগতি ;
- ৪। প্রতিষ্ঠানসমূহে RTO অনুমোদন গ্রহণে গৃহীত কার্যক্রম ;
- ৫। প্রতিষ্ঠানে ইনস্টিটিউট পারফরমেন্স বেজড ম্যানেজমেন্ট সিস্টেম বাস্তবায়ন ;
- ৬। প্রতি দুই মাস অন্তর অধ্যক্ষগণ নিজ নিজ অফিস পরিদর্শন করে রিপোর্ট প্রেরণ ;
- ৭। অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধান/শিক্ষক-কর্মচারীগণের সার্বক্ষণিক প্রতিষ্ঠানে উপস্থিতি নিশ্চিতকরণ ;
- ৮। শ্রেণীকক্ষে মাল্টি মিডিয়ায় মাধ্যমে পাঠদান নিশ্চিতকরণ Content প্রস্তুত করে ওয়েব সাইটে প্রকাশ এবং শ্রেণীকক্ষে ব্যবহার নিশ্চিতকরণ ;
- ৯। ইয়ার প্লান ও লিসেন প্লান প্রস্তুতকরনে গৃহীত কার্যক্রম ;
- ১০। প্রাইভেট পড়ানো/কোচিং বানিজ্য বন্ধে নীতিমালা বাস্তবায়নে গৃহীত কার্যক্রম ;
- ১১। ল্যাব/ওয়ার্কসপ চালুকরণ ও ব্যবহারিক ক্লাশ নিশ্চিতকরণ ;
- ১২। প্রতিষ্ঠানে ওয়েব পোর্টাল প্রস্তুতকরণে গৃহীত কার্যক্রম ও ফেসবুক একাউন্ট খোলা ও সরকারের কর্মকাণ্ডের ইতিবাচক প্রচারণা সংক্রান্ত কার্যক্রম ;
- ১৩। ২০১৬-২০১৭ অর্থ বৎসরের ক্রয় পরিকল্পনা প্রণয়ন সংক্রান্ত ;
- ১৪। প্রতিষ্ঠানসমূহের অডিট আপত্তি নিষ্পত্তি নিশ্চিতকরণে জরুরী ব্যবস্থা গ্রহণ ;
- ১৫। প্রতিষ্ঠানের অভ্যন্তরে নির্মিত সরকারী বাস ভবন যথাযথ ও বিধি মোতাবেক ব্যবহার সংক্রান্ত ;
- ১৬। অনুপস্থিত শিক্ষক/কর্মচারীদের তালিকা প্রণয়ন ও অধিদপ্তরকে অবহিতকরণ ;
- ১৭। ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে কারিগরি শিক্ষায় এনরোলমেন্ট বৃদ্ধির ফলে প্রতিষ্ঠান কর্তৃক গৃহীত প্রস্তুতিমূলক কার্যক্রম ;
- ১৮। প্রতিষ্ঠানে শিক্ষক-কর্মচারীগণের ছুটির হিসাব বছরান্তে হিসাব করে প্রতিস্বাক্ষর করণ ও চাকুরি বহিতে লিপিবদ্ধকরণ ;
- ১৯। দ্বিতীয় শিফট কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন সংক্রান্ত ;

এমতাবস্থায় বর্ণিত বিষয়ে গৃহীত কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন আগামী ১১/০৫/২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে অধিদপ্তরের ই-মেইল [dtheadvoc@gmail.com](mailto:dtheadvoc@gmail.com) প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/-  
(ড. মোঃ নূরুল ইসলাম)  
পরিচালক(ভোকেশনাল)  
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং-৩৭.০৩.০০০০.০৪০.১৯.৩২৬.১৬. ৮৯৪-২০১

তারিখ : ৭ /৫/২০১৭ খ্রিঃ

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো;

- ০১। পরিচালক(প্রশাসন/পরিঃ ও উন্নয়ন/পিআইইউ/পিআইডব্লিউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ০২। অধ্যক্ষ, ভোকেশনাল টিচর্চাস ট্রেনিং ইন্সটিটিউট, বগুড়া।
- ০৩। অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল ও কলেজ (সকল)।
- ০৪। সহকারী পরিচালক,(১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ০৫। প্রধান হিসাব রক্ষণ অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।
- ০৬। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক অফিসার, সিলেট/বরিশাল/খুলনা।
- ০৭। জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, -----
- ০৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা [ অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো]
- ০৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা। [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]
- ১০। হিসাব রক্ষক, ভোকেশনাল শাখা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ১১। সংরক্ষণ নথি।

(মোঃ জহুরুল ইসলাম)  
সহকারী পরিচালক  
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।